দৈনিক ইনকিলাব

তারিখ 08 JUL 1997
পৃষ্ঠা ১২ কলাম 2

ইডেন মহিলা বিশ্ববিদ্যালয়

## ছাত্র লীগের অবৈধ দাবীর প্রতিবাদে ছাত্র সংসদ ও ছাত্র দলের বিক্ষোভ মিছিল

ইডেন মহিলা বিশ্ববিদ্যালয় কলেজে অবৈধ ভর্তির সুযোগ দানের দাবীতে ছাত্র লীগের ধর্মঘট পালনের প্রতিবাদে কলেজ ছাত্র সংসদ ও জাতীয়তাবাদী ছাত্র দল গতকাল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে কলেজ বটতলায় সমাবেশে মিলিত হয়। সমাবেশে বক্তাগণ বলেন, ছাত্র লীগের বহিরাগত কর্মীরা ইডেন কলেজে অবৈধভাবে ছাত্রী ভর্তির চেষ্টা চালাচ্ছে। এই দাবীতে তারা ধর্মঘট পর্যন্ত পালন করেছে। এটি আওয়ামী লীগের অতীত চরিত্রেরই বহিঃপ্রকাশ। তারা অবৈধ ভর্তির সুযোগ দান বন্ধের দাবী জানান। কলেজ শাখা ছাত্র দলের আহবায়িকা ফাহিমা হুসাইন জুবলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সমাবেশে বক্তব্য রাখেন কলেজ ছাত্রী সংসদের ভিপি, ছাত্র দলের সহ-সাধারণ সম্পাদিকা হেলেন জেরিন খান, ছাত্রী সংসদের জিএস সাইমুন বেগম, সারমিন ইসলাম ডেইজী, ফারহানা ইয়াসমীন আতিক, সুলতানা রাজিয়া শাওন, আঞ্জুয়ারা ফেরদৌসী, মাসুমা আক্তার বেবী, রোকেয়া আক্তার রোকন প্রমুখ। বক্তাগণ গণবিরোধী বাজেটের তীব্র নিন্দা জানিয়ে বলেন, শিক্ষা উপকরণের বর্ধিত মূল্য কমাতে হবে। প্রেস বিজ্ঞপ্তি।